বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩৭

তারিখ: ০৫ নভেম্বর ২০২৬ / ২০ কার্তিক ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

"বন্ধ শিল্প ও সেবা খাত সহায়ক প্রাক-অর্থায়ন স্কিম" গঠন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি-১ সার্কুলার নং-১৩, তারিখ ০৪ জুন ২০২৬, বিআরপিডি-৩ সার্কুলার লেটার নং-০১, তারিখ ০৭ জুলাই ২০২৬ এবং বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩২, তারিখ ১৭ সেপ্টেম্বর ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের মাধ্যমে "বন্ধ শিল্প ও সেবা খাত সহায়ক প্রাক-অর্থায়ন স্কিম" (Closed Industry and Service Sector Facilitation Pre-finance Scheme) শিরোনামীয় ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার একটি স্কিম গঠনকরত এ সংক্রান্ত অনুসরণীয় নীতিমালা জারি করা হয়। এক্ষণে, উক্ত স্কিমের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

ক) সার্কুলারের ২, ৮(জ), ৯(ঘ) এবং ১৩(ক) নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

"২। স্কিমের নাম: এ স্কিমের নাম হবে **"বন্ধ শিল্প ও সেবা খাত সহায়ক পুনঃঅর্থায়ন স্কিম" (Closed Industry and Service Sector Facilitation Re-finance Scheme)**। "

"**৮। গ্রাহক পর্যায়ে ঋণ প্রাপ্তির যোগ্যতা:** জ) আলোচ্য স্কিমের আওতায় ঋণ প্রত্যাশী গ্রাহক ইতোপূর্বে অর্থপাচার, জাল-জালিয়াতি, ফান্ড ডাইভার্শন অথবা ঋণের অর্থ অপব্যবহার করেনি মর্মে ব্যাংক কর্তৃক গ্রাহক হতে একটি ঘোষণাপত্র গ্রহণ করতে হবে।"

"**৯। ঋণের ব্যবহার:** ঘ) ঋণগ্রহীতা যে ব্যাংক হতে প্রকল্প ঋণ গ্রহণ করছেন সে ব্যাংক হতে এ স্কিমের আওতায় ঋণ গ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্ত হবেন। এ স্কিমের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগের লেনদেন গ্রাহকের Escrow Account অথবা Revenue Account (যে নামেই অভিহিত হোক না কেন) এর মাধ্যমে সম্পাদন করতে হবে। এক্ষেত্রে প্রকল্প ঋণ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকে প্রকল্পের আয় হিসাব খোলার বাধ্যবাধকতা প্রসঙ্গে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখ: ১৮ জানুয়ারি ২০২৪ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;"

"**১৩। পুনঃঅর্থায়নের জন্য আবেদন পদ্ধতি:** ক) সংশ্লিষ্ট ব্যাংক পরিচালনা পর্ষদের অথবা পর্ষদ কর্তৃক অর্পিত ক্ষমতাবলে পর্ষদ নির্বাহী কমিটির (Board Executive Committee) অনুমোদনক্রমে ঋণ মঞ্জুরকরত ঋণ বিতরণের পরবর্তী সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্রাদিসহ নির্ধারিত ছকে (সংযোজনী-ক) পরিচালক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় বরাবর পুনঃঅর্থায়নের জন্য আবেদন করতে হবে। তবে কোনো কারণে পরবর্তী সপ্তাহের মধ্যে পুনঃঅর্থায়নের আবেদন দাখিলে ব্যর্থ হলে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক তৎপরবর্তী আরও ১৫(পনেরো) দিনের মধ্যে আবেদন দাখিল করা যাবে; "

চলমান পাতা/০২

খ) এতদ্ব্যতীত, সূত্রোক্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের বিভিন্ন স্থানে উল্লেখিত 'প্রাক-অর্থায়ন স্কিম (Pre-finance scheme)' শব্দগুচ্ছ 'পুনঃঅর্থায়ন স্কিম (Re-finance scheme)' শব্দগুচ্ছ দ্বারা প্রতিস্থাপন করা হলো। তাছাড়া, ২(ক)-তে উল্লিখিত পরিবর্তনসমূহের সাথে সামঞ্জস্য রেখে ব্যাংকসমূহের সাথে সম্পাদিত অংশগ্রহণকারী চুক্তি (Participation Agreement) সহ বর্ণিত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের অন্যান্য নির্দেশনা সংশোধিত মর্মে গণ্য হবে।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোন: ৯৫৩০২৫২